**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 26-01-2026** **Desk in Charge: S.D.G.**

**Time : 7.35 AM** **Compiling : Sudip Basu**

**DEO : KB** **NRT: Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ–

১) দেশ আজ যথোচিত মর্যাদায় ৭৭-তম সাধারণতন্ত্র দিবস উদ্‌যাপন করছে। # দিল্লির কর্তব্য পথে সশস্ত্র বাহিনীর কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ। #এরাজ্যে সাধারণতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার রেড রোডে।

২/ রাষ্ট্রপতি বলেছেন, দেশের উন্নতির জন্য মহিলাদের সক্রিয় অংশ গ্রহণ এবং তাঁদের স্বাবলম্বী হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। # সাধারণতন্ত্র দিবসের প্রাক্ সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে তিনি দেশের যুব সমাজের অবদানের কথা স্মরণ করেছেন।

৩/ এবছরের পদ্মপুরষ্কার ঘোষিত হয়েছে। রাজ্য থেকে ১১ জন পাচ্ছেন পদ্মশ্রী।

৪/ গণতন্ত্রকে সজীব রাখতে ভোট কর্মীরা প্রশংসনীয় কাজ করেছেন বলে ‘মন কি বাত’ অনুষ্ঠানে জানিয়েছেন প্রধানমন্ত্রী।

৫/ SIR-এর কাজে গুরুতর অনিয়মের অভিযোগে নির্বাচন কমিশন, বসিরহাট দু-নম্বর ব্লকের বিডিও তথা AERO সুমিত্র-প্রতিম প্রধানকে অবিলম্বে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছে।

৬/ বেহালার সখের বাজারে ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব-এর সভায় হামলা ও অগ্নি সংযোগের অভিযোগ উঠেছে রাজ্যের শাসক দলের বিরুদ্ধে।

*********************************************************************

আজ ৭৭তম সাধারণতন্ত্র দিবস। এই উপলক্ষ্যে নতুন দিল্লির কর্তব্যপথে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, তিন বাহিনীর কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করবেন। সশস্ত্র বাহিনী এবং বিভিন্ন রাজ্য  ট্যাবলোর মাধ্যমে তাদের বৈভব ও  সাংস্কৃতিক ঐতিহ্য প্রদর্শন করবে। ভারতীয় বিমান বাহিনির বিভিন্ন যুদ্ধবিমানও উপস্থিত থাকবে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে।

এই অনুষ্ঠানের ধারাবিবরণী সম্প্রচারের জন্য আজ আকাশবাণী কলকাতার এফ রেইবোর সকাল ১০টা এবং বেলা ১১টার সংবাদ হেডলাইন বাতিল থাকবে। পাশাপাশি সকাল ১০ টা ১০ মিনিটের সঞ্চয়িতা থেকে প্রচারিত স্থানীয় সংবাদও বাতিল থাকছে। ধারা বিবরণী বেলা ১২টার পরেও যদি চলে তবে ১২টার হেডলাইনও বাতিল হবে।

গতকালের পর আজ'ও মৈত্রী প্রচার তরঙ্গে রাত সোয়া ৯টার বিশ্ব পরিক্রমা ১৫ মিনিটের হবে।

*********************

রাজ্য স্তরে সাধারণতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার রেড রোডে। এতে অংশ নেবে  তিন বাহিনী এবং কলকাতা পুলিশ। রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন।

একটি প্রতিবেদন- ( ভিসি- রক্তিম )

*********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশের উন্নতির জন্য মহিলাদের সক্রিয় অংশগ্রহণ ও স্বাবলম্বী হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। মা ও বোনেরা অচলায়তন ভেঙে এগিয়ে চলেছেন। দেশের উন্নয়নে তাঁরা সক্রিয় অবদান রাখছেন। নারীশক্তির ক্রমবর্ধমান অগ্রগতি দেশের লিঙ্গ সমতা ও গণতন্ত্রে উজ্জ্বল অবদান রাখবে। সাধারণতন্ত্র দিবসের প্রাক-সন্ধ্যায় জাতির উদ্দেশে ভাষণে রাষ্ট্রপতি বলেন, মহিলাদের স্বাস্থ্য, শিক্ষা, নিরাপত্তা এবং

অর্থনৈতিক ক্ষমতায়নের কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টা বহু ক্ষেত্রে নারীর অংশগ্রহণকে বাড়িয়ে তুলেছে। ‘প্রধানমন্ত্রী জন ধন যোজনা’র আওতায় এখন পর্যন্ত ৫৭ কোটিরও বেশি ব্যাংক অ্যাকাউন্ট খোলা হয়েছে, যার মধ্যে প্রায় ৫৬ শতাংশই মহিলাদের।

( বাইট- রাষ্ট্রপতি )

রাষ্ট্রপতি বলেন, ভারতীয় জ্ঞান, ঐতিহ্য, দর্শন, চিকিৎসা, জ্যোতির্বিদ্যা, গণিত, সাহিত্য এবং শিল্প আজ বিশ্বজুড়ে সমাদৃত। "জ্ঞান ভারতম মিশন"-এর মতো প্রচেষ্টা ভারতীয় ঐতিহ্যকে সংরক্ষণ ও প্রচার করছে। ভারতীয় ভাষা এবং ঐতিহ্যকে অগ্রাধিকার দিয়ে, স্বনির্ভরতার প্রচেষ্টাকে এক সাংস্কৃতিক ভিত্তি প্রদান করা হচ্ছে। রাষ্ট্রপতি দেশের সাংবিধানিক মূল্যবোধ, গণতন্ত্রের শক্তি ও নাগরিকদের সম্মিলিত প্রচেষ্টার কথাও ভাষণে তুলে ধরেন। তিনি বলেন, বহুমুখী উন্নয়নের পথে এগোতে হলে ঐক্য, সহনশীলতা ও দায়িত্ববোধ বজায় রাখা জরুরি। দেশের যুব সমাজের প্রশংসা করে রাষ্ট্রপতি বলেন, গণতন্ত্রের ভিত মজবুত রেখে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার দায়িত্ব এখন অনেকটাই যুবকদের কাঁধে। শিক্ষা, প্রযুক্তি, উদ্ভাবন থেকে শুরু করে সামাজিক পরিবর্তনের ক্ষেত্রেও তরুণরাই নতুন ভারতের দিশা দেখাচ্ছে।

( বাইট- যুবা )

অপারেশন সিন্দুরের ঐতিহাসিক সাফল্য এবং প্রতিরক্ষা বাহিনীর ক্ষমতার উল্লেখ করে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেন, সেনাবাহিনীর নিরলস নজরদারিতে দেশের সীমান্ত সুরক্ষিত আছে। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের বাণী উল্লেখ করে শ্রীমতী মুর্মূ “ও আমার দেশের মাটি – তোমার পরে ঠেকাই মাথা” –উচ্চারণ করেন। এদিন রাষ্ট্রপতি তাঁর ভাষণে ঋষি বঙ্কিমচন্দ্রের ‘বন্দে মাতরম’ রচনার ১৫০ বছর পূর্তির কথা। উল্লেখ করেন ঋষি অরবিন্দ এবং নেতাজির ‘জয় হিন্দ’ স্লোগানের কথাও।

*********************

এবছরের পদ্ম পুরস্কার ঘোষণা করা হয়েছে। পুরস্কার প্রাপকদের মধ্যে **১৯** জন মহিলা এবং **১৬** জন মরণোত্তর এই পুরস্কার পাবেন। পাঁচজন পদ্মবিভূষণ, **১৩** জন পদ্মভূষণ এবং **১১৩** জন পদ্মশ্রী পুরস্কার পাচ্ছেন। প্রয়াত অভিনেতা ধর্মেন্দ্র, মরণোত্তর পদ্মবিভূষণ পাবেন।

পদ্মভূষণ প্রাপকদের তালিকায় রয়েছেন- গায়িকা অলকা ইয়াগনিক ও অভিনেতা মাম্মুটি । রাজনীতিবিদ শিবু সোরেনকেও মরণোত্তর পদ্মভূষণ দেওয়া হচ্ছে।

পদ্মশ্রী পাচ্ছেন **১১৩** জন। এর মধ্যে এরাজ্যের রয়েছেন **১১** জন।

তাদের মধ্যে শিক্ষা ও সাহিত্যে- অশোক কুমার হালদার, গম্ভীর সিং ইয়ঞ্জন, মহেন্দ্রনাথ রায়, রবিলাল টুডু।

শিল্পকলায় হরিমাধব মুখোপাধ্যায় মরণোত্তর, জ্যোতিশ দেবনাথ, কুমার বোস, প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, তরুণ ভট্টাচার্য, তৃপ্তি মুখোপাধ্যায় এবং চিকিৎসায় সরোজ মন্ডল তাদের অবদানের জন্য পদ্মশ্রী পুরস্কার পাচ্ছেন।

**মালদা** জেলা থেকে এবার **পদ্মশ্রী** পুরস্কার পেয়েছেন, লেখক **অশোক কুমার হালদার**। প্রাক্তন রেল কর্মী অশোক বাবু, নিজের অভিজ্ঞতা তুলে ধরেছেন তাঁর লেখায়। নিজের লেখক জীবনে তিনি বহু নিবন্ধ লিখেছেন বিভিন্ন পত্র পত্রিকায়। ইংরেজী ও বাংলা ভাষায় অশোকবাবুর লেখা বই-এর সংখ্যা- **১৩** টি । আকাশবাণীকে তিনি নিজের উপলব্ধির কথা জানিয়েছেন-

( বাইট- অশোক হালদার )

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, একজন ভোটার হলেন গণতন্ত্রের আত্মা। আকাশবাণীতে মন-কি-বাতের ১৩০-তম পর্বে **প্রথমবারের ভোটারদের** শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, ভোটাধিকার পাওয়া যেকোন ভারতবাসীর জীবনে গুরুত্বপূর্ণ মাইলফলক।

তাই, উৎসবের মেজাজেই তা পালন করা উচিত। গণতন্ত্রকে সজীব রাখার জন্য বুনিয়াদিস্তরে যারা কাজ করছেন, সেই সব ভোট কর্মীদের প্রশংসা করেন শ্রী মোদী।

(বাইট - ভোটাধিকার)

শ্রী মোদী বলেন, দেশজুড়ে সাধারণতন্ত্র দিবস পালিত হবে। এই দিন সংবিধান প্রণেতাদের শ্রদ্ধা জানানোর সুযোগ করে দেয়।

তিনি, ভারতের পরিবার ব্যবস্থা এবং সামাজিক শক্তি একযোগে মিলিত হয়ে অনেক বড় চ্যালেঞ্জের মোকাবিলা করতে সক্ষম।

*********************

বসিরহাট উত্তর বিধানসভা কেন্দ্রে SIR এর শুনানি প্রক্রিয়ায় গুরুতর অনিয়মের অভিযোগে নির্বাচন কমিশন বসিরহাট–২ নম্বর ব্লকের বিডিও তথা AERO সুমিত্র প্রতিম প্রধানকে অবিলম্বে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছে। পাশাপাশি তাঁকে সমস্ত নির্বাচন-সংক্রান্ত কাজ থেকেও সরিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের তরফে রাজ্যের মুখ্যসচিবকে পাঠানো চিঠিতে জানানো হয়েছে, বসিরহাট উত্তর বিধানসভা কেন্দ্রে সংশ্লিষ্ট আধিকারিক নিজে ১১ জন অতিরিক্ত AERO নিয়োগ করেন এবং 'সুয়ো মোটো' নির্দেশ জারি করে শুনানি পর্ব পরিচালনা করেন। যদিও তাঁর এমন কোনও আইনি ক্ষমতা ছিল না। নির্বাচন কমিশনের মতে, এটি জনপ্রতিনিধিত্ব আইন এর স্পষ্ট লঙ্ঘন এবং গুরুতর প্রশাসনিক অসদাচরণের শামিল। কমিশনের নির্দেশে সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে শৃঙ্খলামূলক তদন্ত শুরু করার কথাও জানানো হয়েছে। তদন্তের অগ্রগতি বিষয়ে ৪৮ ঘণ্টার মধ্যে কমিশনকে জানাতে বলা হয়েছে।

*********************

ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা বিপ্লব দেব-এর সভাকে কেন্দ্র করে গত সন্ধ্যায় বেহালার সখেরবাজার এলাকায় অশান্তি ছড়ায়। তৃণমূল কংগ্রেস ও বিজেপি সমর্থকদের মধ্যে হাতাহাতি বাধে। অভিযোগ, ঘটনার পর স্থানীয় তৃণমূল কাউন্সিলরের

অফিসে ভাঙচুর চালান বিজেপি কর্মী-সমর্থকরা। পাল্টা বিজেপির সভামঞ্চে আগুন লাগানোর অভিযোগ উঠে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। ডায়মন্ড হারবার রোডে যান চলাচল বন্ধ হয়ে যায়। দমকলের একটি ইঞ্জিন এসে বিজেপির সভামঞ্চের আগুন নিয়ন্ত্রণে আনে। এদিকে, দুই দলের কর্মীদের সংঘর্ষের খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছে যান তৃণমূলের দুই বিধায়ক দেবাশিস কুমার ও রত্না চট্টোপাধ্যায়। বিজেপির অভিযোগ, সভা ভন্ডুল করতে তৃণমূলের লোকজনই আগুন লাগিয়েছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী **সুকান্ত** মজুমদার, এই ঘটনার তীব্র নিন্দা করেছেন। রাজ্যের শাসক দল যেভাবে দুর্ব্বৃত্যদের ব্যবহার করে বিরোধীদের ওপর হামলা চালাচ্ছে, তা' মহাজঙ্গলরাজের'ই ইঙ্গিত দেয় বলে মন্তব্য করেন তিনি। সভামঞ্চে অগ্নি সংযোগের ঘটনার সময় পুলিশ সেখানে উপস্থিত থাকলেও, তারা কার্যত বাধা দেয়নি বলেও সুকান্ত বাবুর দাবী। এই সন্ত্রাসের উপযুক্ত জবাব দেওয়া হবে বলে জানান সুকান্ত বাবু।

রাজ্যে এই ধরণের ঘটনা অত্যন্ত স্বাভাবিক হয়ে গেছে বলে বিজেপি মুখপাত্র **দেবজিৎ সরকার** জানিয়েছেন। ( বাইট- দেবজিৎ )

*********************

পশ্চিমী ঝঞ্ঝার কারণে রাজ্যজুড়ে তাপমাত্রা হেরফের হচ্ছে। আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকলেও তাপমাত্রা ওঠানামা করবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য পশ্চিমের জেলাগুলিতে আগামী চার দিন তাপমাত্রা ১৩ থেকে ১৫ ডিগ্রির মধ্যে থাকবে। উত্তরবঙ্গেও তাপমাত্রা বিশেষ পরিবর্তন হবে না তবে সকালের দিকে কিছু কিছু জায়গায় কুয়াশা দেখা যাবে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৬' ডিগ্রী সেলসিয়াস- স্বাভাবিকের চেয়ে প্রায় এক ডিগ্রি বেশি।

*************************************************************************